



চাঁদা না দেওয়ায় দম্পতি-মেয়েকে হাতুড়িপেটার অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে



সংগৃহীত ছবি

বিনাইদহের মহেশপুর উপজেলার বাঁশবাড়ীয়া ইউনিয়নের শ্রীপুর গ্রামে চাঁদার টাকা না দেওয়াকে কেন্দ্র করে এক পরিবারে হামলার ঘটনা ঘটেছে বলে অভিযোগ উঠেছে। এতে স্বামী-স্ত্রী ও তাদের কলেজপড়ুয়া মেয়ে আহত হয়েছেন।

ভুক্তভোগী শামছুজ্জামান ভুট্টোর ভাষ্য অনুযায়ী, নির্বাচনের পরদিন বিকেলে স্থানীয় হাম্মান প্রথমে তার কাছে এক লাখ টাকা দাবি করেন। পরে অঙ্ক কমিয়ে ৫০ হাজার টাকা চাওয়া হয়। তিনি অর্থ দিতে রাজি না হলে বৃহস্পতিবার সন্ধ্যায় হাম্মান ওরফে বাবলু, আব্দুল্লা ও আব্দুল জব্বার মিলে তাদের ওপর হামলা চালান। অভিযোগ রয়েছে, হামলার সময় হাতুড়ি দিয়ে এলোপাতাড়ি আঘাত করা হয় এবং আহত অবস্থায় তাদের ফেলে রেখে যাওয়া হয়।

পরে এলাকাবাসী এগিয়ে এসে আহত তিনজনকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

বাঁশবাড়ীয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম বলেন, তিনি ঘটনাস্থলে গিয়ে উভয় পক্ষের সঙ্গে কথা বলেছেন এবং দ্রুত সমাধানের উদ্যোগ নেওয়া হবে।

ভৈরব পুলিশ ফাঁড়ির ইনচার্জ এসআই আনিসুর রহমান জানান, ঘটনাটি খতিয়ে দেখা হচ্ছে। অভিযুক্ত হাম্মানও আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। মহেশপুর থানার ওসি মেহেদী হাসান বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।